# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২০]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২০০: তায়াম্মুম-এর অন্য প্রকার।

نَوْعٌ آخَرُ

---

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ تَمِيمٍ، قال: حَدَّثَنَا حَجَّاجٌ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ الْحَكَمِ، وَسَلَمَةُ، عَنْ ذَرٍّ، عَنْ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى، عَنْ أَبِيهِ، أَنْ رَجُلًا جَاءَ إِلَى عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، فَقَالَ: إِنِّي أَجْنَبْتُ فَلَمْ أَجِدِ الْمَاءَ، فَقَالَ عُمَرُ: لَا تُصَلِّ، فَقَالَ عَمَّارٌ: أَمَا تَذْكُرُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِذْ أَنَا وَأَنْتَ فِي سَرِيَّةٍ فَأَجْنَبْنَا فَلَمْ نَجِدْ مَاءً، فَأَمَّا أَنْتَ فَلَمْ تُصَلِّ، وَأَمَّا أَنَا فَتَمَعَّكْتُ فِي التُّرَابِ ثُمَّ صَلَّيْتُ، فَلَمَّا أَتَيْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَكَرْتُ ذَلِكَ لَهُ، فَقَالَ: إِنَّمَا يَكْفِيكَ، وَضَرَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدَيْهِ إِلَى الْأَرْضِ، ثُمَّ نَفَخَ فِيهِمَا فَمَسَحَ بِهِمَا وَجْهَهُ وَكَفَّيْهِ . شَكَّ سَلَمَةُ، وَقَالَ: لَا أَدْرِي فِيهِ إِلَى الْمِرْفَقَيْنِ أَوْ إِلَى الْكَفَّيْنِ. قَالَ عُمَرُ: نُوَلِّيكَ مِنْ ذَلِكَ مَا تَوَلَّيْتَ. قَالَ شُعْبَةُ: كَانَ يَقُولُ الْكَفَّيْنِ وَالْوَجْهَ وَالذِّرَاعَيْنِ، فَقَالَ لَهُ مَنْصُورٌ: مَا تَقُولُ ؟ فَإِنَّهُ لَا يَذْكُرُ الذِّرَاعَيْنِ أَحَدٌ غَيْرُكَ، فَشَكَّ سَلَمَةُ، فَقَالَ: لَا أَدْرِي ذَكَرَ الذِّرَاعَيْنِ أَمْ لَا.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٣١٣ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 320 ـ صحيح

বাংলা

৩১৯. ’আবদুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনু তামীম (রহ.) ..... ’আবদুর রহমান ইবনু আবযা (রাঃ) হতে বর্ণিত। এক লোক ’উমার (রাঃ)-এর কাছে এসে বলল, আমি অপবিত্র হয়েছি কিন্তু পানি পেলাম না। ’উমার (রাঃ) বললেন, তুমি সালাত আদায় কর না। তখন ’আম্মার (রাঃ) বললেন, হে আমীরুল মু’মিনীন! আপনার মনে আছে কি?

একবার আমি এবং আপনি এক যুদ্ধে ছিলাম আর আমরা অপবিত্র হলাম কিন্তু পানি পাচ্ছিলাম না। তখন আপনি সালাত আদায় করলেন না। কিন্তু আমি মাটিতে গড়াগড়ি দিলাম এবং সালাত আদায় করলাম। পরবর্তীতে যখন নবী (সা.) -এর কাছে তা বললাম, তিনি বললেন, তোমার জন্যে এ-ই যথেষ্ট ছিল, এ বলে রাসূলুল্লাহ (সা.) মাটিতে হাত রাখলেন এবং উভয় হাতে ফুঁ দিলেন, তারপর উভয় হাত দ্বারা আপন চেহারা ও উভয় কব্জি মাসাহ করলেন। সালামাহ্ সন্দেহ করে বলেন, আমার জানা নেই (তিনি এতে উভয় কনুই বলেছেন, না উভয় কব্জি)। উমার (রাঃ) বলেন, তুমি যে বর্ণনা দিলে তার দায়িত্ব তোমার উপরই অর্পণ করলাম। শু’বাহ্ (রহ.) বলেন, তিনি উভয় হাত, চেহারা এবং বাহুদ্বয়ের কথা বলতেন এজন্যে সালামার সন্দেহ হল, তিনি বললেন, আমার মনে নেই তিনি বাহুর কথা উল্লেখ করেছেন কিনা।

## English

200. Another Way

It was narrated from Ibn 'Abdur-Rahman bin Abza, from his father, that a man came to 'Umar, may Allah be please with him, and said: I have become Junub and I cannot find any water. 'Umar said: Do not pray. 'Ammar said: Do you not remember, O Commander of the Believers, when you and I were on a campaign and became Junub, and we could not find any water. You did not pray, but I rolled in the dust then prayed. When we came to the Messenger of Allah (ﷺ) I told him about that and he said: 'This would have been sufficient for you,' and then Prophet (ﷺ) struck the earth with his hands then blew on them and wiped his face and hands - (one of the narrators) Salamah was uncertain and said: I do not know if he said it should be up to the elbows or just the hands. - 'Umar said: We will let you bear the burden of what you took upon yourself. (One of the narrators) Shu'bah said: He used to say the hands, face and forearms. (Another) Mansur said to him: What are you saying? No one mentions the forearms except you. Salamah was not certain and said: I do not know whether he mentioned the forearms or not.

### ফুটনোট

সহীহ: বুখারী ৩৩৮, মুসলিম ২৮১, সহীহ আবূ দাউদ ৩৪৯। [দ্রঃ ৩১৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবযা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86590

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন